অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অর্থনৈতিক বিকাশ অ্যাওয়ার্ড ঘোষণা করলেন 12,000-র বেশি চাকরির সমর্থনে এবং যা অনুপ্রাণিত করবে
410 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্যাপিটাল বিনিয়োগ

নায়াগ্রা জলবিদ্যুৎ ওয়েস্টার্ন নিউ ইয়র্কে 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বেসরকারি ক্যাপিটাল বিনিয়োগ অনুপ্রাণিত করবে

NYPA তহবিল সবুজ হাইড্রোজেন সম্ভাব্যতা অধ্যয়নকে সহায়তা করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের (New York Power Authority, NYPA) ট্রাস্টি বোর্ড 25টি কোম্পানির জন্য অর্থনৈতিক বিকাশ অ্যাওয়ার্ড অনুমোদিত করেছেন যা 12,000-র বেশি চাকরি সমর্থন করবে, যার প্রায় 500 নতুনভাবে তৈরি, এবং 410 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্যাপিটাল বিনিয়োগ অনুপ্রাণিত করবে। রিচার্জ NY (ReCharge NY) কর্মসূচির মাধ্যমে স্বল্পমূল্যের বিদ্যুৎ বরাদ্দ দেওয়া হয় স্টেটের 23টি আবেদনকারীকে, এবং নায়াগ্রা স্বল্পমূল্যের জলবিদ্যুৎ প্রদান করা হয় ওয়েস্টার্ন নিউ ইয়র্কের দুইটি ফার্মকে। পাশাপাশি, NYPA বোর্ড একটি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বিদ্যুৎ আয় (Western New York Power Proceeds) অ্যাওয়ার্ড অনুমোদন করে যা নিউ ইয়র্ক স্টেটে সবুজ হাইড্রোজেনের বিকাশকে সমর্থন করবে।

"আমরা পরিচ্ছন্ন শক্তি দ্বারা বিদ্যুতায়িত একটি সমৃদ্ধশালী, স্থিতিস্থাপক অর্থনীতির দিকে ধাবিত হওয়ার পথে নেতৃত্ব দিচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "এই অ্যাওয়ার্ড আরো শক্তি দক্ষ অবকাঠামো স্থাপন করবে, আমাদের অর্থনীতিকে উদ্দীপিত করবে, কর্মসংস্থান সৃষ্টি করবে, এবং একটি পরিচ্ছন্নতর ও আরো টেকসই ভবিষ্যতের পথ তৈরি করবে। আমার প্রশাসন সবুজ শক্তি প্রকল্পসমূহকে অগ্রাধিকার দিতে থাকবে যেগুলি আগামীকালের শিল্পখাতকে নিউ ইয়র্কে আকৃষ্ট করে।"

<u>রিচার্জ NY অ্যাওয়ার্ডস</u>

রিচার্জ NY কর্মসূচির অধীনে অনুমোদিত বরাদ্দ করা প্রায় নয় মেগাওয়াট (megawatts, MW) স্বল্পমূল্যের বিদ্যুৎ ক্যাপিটাল জেলা, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, হাডসন ভ্যালি, নিউ

ইয়র্ক সিটি, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং লং আইল্যান্ডের 23টি কোম্পানিকে প্রদান করা হবে। এই প্রদান প্রায় 12,000 কর্মসংস্থানকে, যার মধ্যে 458টি নতুনভাবে তৈরি, এবং 305 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্যাপিটাল বিনিয়োগকে সরাসরি সমর্থন করবে।

রিচার্জ NY (ReCharge NY) নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিকে শক্তিশালী করেছে কোম্পানিগুলিকে চাকরি ধরে রাখতে এবং তৈরি করতে উৎসাহিত করে, তার সাথে রাজ্য জুড়ে পুঁজি বিনিয়োগের বৃদ্ধি করে। রিচার্জ NY সাত বছর পর্যন্ত বিদ্যুতের চুক্তি সরবরাহ করে। বিদ্যুতের অর্ধেক অংশ, 455 মেগাওয়াট, আসছে NYPA-র নায়াগ্রা এবং সেন্ট লরেন্স-ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট জলবিদ্যুৎ পাওয়ার প্ল্যান্ট (St. Lawrence-Franklin D. Roosevelt hydroelectric power plants) থেকে। NYPA পাইকারী বাজার থেকে বাদবাকি 455 MW স্বল্প-মূল্যে ক্রয় করেছে।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "রিচার্জ NY কর্মসূচির মাধ্যমে, NYPA নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে স্থানান্তরকে চালনা করছে। স্বল্প মূল্যের বিদ্যুৎ কর্মসূচি নিউ ইয়র্কের প্রতিভাবান কর্মীবাহিনীর জন্য প্রায় 500 চাকরি যোগ করবে এবং 305 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বেসরকারি ক্যাপিটাল বিনিয়োগ দ্বারা সম্প্রদায়সমূহকে পুনর্জীবিত করবে।"

আজকে রিচার্জ NY-র মাধ্যমে NYPA বোর্ডের অনুমোদিত উল্লেখযোগ্য কিছু বরাদ্দের মধ্যে আছে ক্যাপিটাল জেলার অ্যালবানি মেডিকেল সেন্টার (Albany Medical Center), লং আইল্যান্ডের আরবান ফিল্ডস এগ্রিকালচার (Urban Fields Agriculture), এবং নিউ ইয়র্ক সিটির মরগান স্ট্যানলিকে (Morgan Stanley) প্রদত্ত অ্যাওয়ার্ড।

আজকের ReCharge NY বিদ্যুৎ বরাদ্দ এবং অর্থনৈতিক উন্নয়ন অ্যাওয়ার্ডের একটি পূর্ণাঙ্গ তালিকা এখানে পাওয়া যাবে।

ওয়েস্টার্ন NY অ্যাওয়ার্ডস

NYPA বোর্ড এছাড়াও ওয়েস্টার্ন নিউ ইয়র্কের দুইটি কোম্পানির জন্য স্বল্পমূল্যের নায়াগ্রা জলবিদ্যুৎ অনুমোদিত করেছে। কোল অ্যাশ রিসাইক্লিং (Coal Ash Recycling, CAR) এবং সানউইল ডিস্ট্রিবিউশন সেন্টার, ইনকর্পোরেটেড (Sonwil Distribution Center, Inc)।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের চেয়ারম্যান এবং বাফেলোর বাসিন্দা জন আর. কোলমেল বলেন, "নায়াগ্রা বিদ্যুৎ প্রকল্প থেকে জলবিদ্যুৎ ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অর্থনীতির মেরুদণ্ড। আজকের বৈঠকে অনুমোদিত জলবিদ্যুৎ প্রদান সেইসব ফার্মকে সমর্থন করবে যারা নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় জলবায়ু এজেন্ডার লক্ষ্যকে অগ্রসর করবে এবং জরুরি সেবা প্রদান করবে যা ওয়েস্টার্ন নিউ ইয়র্কের ক্রমবর্ধমান পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিকে বলীয়ান করবে।"

NYPA বোর্ড CAR-র সম্প্রসারণের সমর্থনে একটি 2,550 কিলোওয়াট (kilowatt, kW) জলবিদ্যুৎ বরাদ্দ অনুমোদন করেছে, যা আনুমানিক 45 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল বিনিয়োগ অনুপ্রাণিত করবে এবং অঞ্চলে 20টি সবুজ চাকরি তৈরি করবে।

CAR, কংক্রিট উৎপাদনের একটি মুখ্য উপাদান ফ্লাই অ্যাশ ধারণকারী ল্যান্ডফিল সাইটের একজন মালিক, এর ফ্রেডোনিয়া ফ্যাসিলিটিতে একটি সম্প্রসারণ প্রকল্পের পরিকল্পনা করছে যাতে ফ্লাই অ্যাশকে প্রতিকার ও প্রক্রিয়াজাত করা যায় যাতে করে এটি কম কার্বনের সবুজ কংক্রিট উৎপাদনে ব্যবহার করা যায়। ফ্লাই অ্যাশ ভূমির কয়লা পুড়িয়ে বিদ্যুৎ উৎপাদন করার একটি উপজাত। CAR-র শ্যাটাকোয়া কাউন্টি ল্যান্ডফিলে ফ্লাই অ্যাশ আছে যা 1960 দশক থেকে 1980 দশক পর্যন্ত ডানকার্ক জেনারেটিং স্টেশনে উৎপাদিত হয়েছে।

কংক্রিটের একটি সাধারণ উপকরণ, সিমেন্ট উৎপাদন বিশ্বের প্রায় 8 শতাংশ কার্বন নিঃসরণের জন্য দায়ী। কংক্রিট উৎপাদনে সিমেন্টের পরিবর্তে ফ্লাই অ্যাশের ব্যবহার কংক্রিট কাঠামোর জীবন বৃদ্ধি করে এর সার্বিক শক্তি ও স্থায়িত্ব বর্ধিত করে। পাশাপাশি, এটি পানি সাশ্রয় করে এবং উল্লেখযোগ্য ভাবে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করে।

CAR-র আবেদন সবুজ কর্মসংস্থান মূল্যায়ন প্রণোদনা পরিকল্পনার (Green Jobs Evaluation Incentive Plan) অধীনে বিবেচনা করা হয়েছে যা 9 ডিসেম্বর, 2020 তারিখে ট্রাস্টিরা অনুমোদিত করে। পরিকল্পনাটি NYPA জলবিদ্যুতের জন্য আবেদন মূল্যায়নের সময় সবুজ কর্মসংস্থানে প্রভাব বিবেচনা করতে দেয়। CAR-র প্রকল্প নিউ ইয়র্ক স্টেটের একটি সবুজ কর্মসংস্থান কোম্পানি হিসেবে যোগ্যতার মানদণ্ড অনুসরণ করে। পাশাপাশি, প্রকল্পটি স্টেটের জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষার আইন (Climate Leadership and Community Protection Act) এবং কম ধারণকারী কার্বন কংক্রিট নেতৃত্ব আইনকে (Low Embodied Carbon Concrete Leadership Act) সমর্থন করে, যা নিউ ইয়র্ক স্টেটের অর্থায়িত প্রকল্পসমূহে কম কার্বনের কংক্রিট ব্যবহার করা আবশ্যিক করে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্কভিত্তিক 80 বছরের পুরনো একটি গুদাম ও বিতরণ কোম্পানি, সানউইল ডিস্ট্রিবিউশন সেন্টারকে 500 কিলোওয়াট জলবিদ্যুৎ বরাদ্দ দেওয়া হয়েছে ওয়েস্ট সেনেকাতে একটি 334,000 বর্গফুট বিতরণ গুদামঘর নির্মাণের জন্য যা এর বিদ্যমান গ্রাহক ভিত্তির বিকাশকে সমর্থন করবে এবং একইসাথে নতুন গ্রাহক আকৃষ্ট করার জন্য প্রয়োজনীয় অতিরিক্ত ধারণক্ষমতা প্রদান করবে। প্রায় 60 মিলিয়ন মার্কিন ডলারের ফ্যাসিলিটিটি তৈরি খাদ্য ও পানীয় পণ্যের একটি বহু তাপমাত্রার গুদাম, বিতরণ ও মোড়কজাতকরণ সাইট হিসেবে কাজ করবে। প্রকল্পটি কোম্পানিকে বিদ্যমান উৎপাদনের বিকাশ সমর্থন করতে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে নতুনদের আকৃষ্ট করতে সাহায্য করবে, যা অতিরিক্ত আঞ্চলিক অর্থনৈতিক কর্মকাণ্ড চালনা করবে এবং 19টি নতুন, পূর্ণকালীন, স্থায়ী পদ তৈরি করবে বলে আশা করা যাচ্ছে।

পাওয়ার অথরিটির নায়াগ্রা পাওয়ার প্রোজেক্ট 30-মাইলের ব্যাসার্ধের মধ্যে থাকা কোম্পানিগুলির জন্য অথবা চৌটাওকা কাউন্টিতে ব্যবসাগুলির জন্য স্বল্প-মূল্যের নায়াগ্রা হাইড্রোপাওয়ার উপলব্ধ। নায়াগ্রা হাইড্রোপাওয়ার এই অঞ্চলের হাজার হাজার কর্মসংস্থানের সাথে জড়িত।

পাশাপাশি, NYPA ট্রাস্টি বোর্ড ওয়েস্টার্ন নিউ ইয়র্ক বিদ্যুৎ আয় তহবিলের জন্য 35,000 মার্কিন ডলার অনুমোদিত করেছে।

এছাড়াও নায়াগ্রা ইউনিভার্সিটিকে একটি ক্যাম্পাসব্যাপী সম্ভাব্যতা অধ্যয়নের জন্য 35,000 মার্কিন ডলার প্রদান করা হয়েছে যা এর সবুজ হাইড্রোজেনের ব্যবহার বৃদ্ধির মাধ্যমে নিঃসরণ হ্রাস করার সম্ভাবনা পরীক্ষা করবে।

নিউ ইয়র্ক ছয় স্টেটের একটি আঞ্চলিক কোয়ালিশনের নেতৃত্ব দেয় যা পুরো অঞ্চলজুড়ে পরিচ্ছন্ন হাইড্রোজেন প্রকল্পের অগ্রসরে সহযোগিতা করে যা প্রতিটি স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যের সাথে মানানসই হয়, যার মধ্যে জলবায়ু ও পরিবেশ ন্যায়বিচারে একটি অতি গুরুত্বপূর্ণ মনোযোগ রয়েছে।

NYPA তহবিল প্রদান সম্ভব হয়েছে NYPA-র নায়াগ্রা বিদ্যুৎ প্ল্যান্টে তৈরি অব্যবহৃত জলবিদ্যুৎ বিক্রি করে পাওয়া উপার্জন থেকে এবং এটি আসে 2012 সালে আইন হিসেবে স্বাক্ষর করা বিদ্যুৎ উপার্জন বিধিমালা থেকে।

অ্যাসেম্বলি সদস্য মাইকেল জে. কুজিক বলেন, "নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ থেকে রিচার্জ NY প্রদান আমাদের স্টেটের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ুর ও পরিচ্ছন্ন শক্তি লক্ষ্যসমূহকে অগ্রসর করবে। অ্যাওয়ার্ডের এই নতুন রাউন্ড নিউ ইয়র্কের অর্থনীতিকে উদ্দীপিত করবে শত শত কর্মসংস্থান যোগ করে এবং বৃহৎ আকারের ক্যাপিটাল বিনিয়োগ অনুপ্রাণিত করে।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচি হলো জাতির সবচেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও ক্লিন এনার্জির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে ক্লিন এনার্জিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি স্টেট জুড়ে 120টি বড় আকারের নবায়নযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ ক্লিন এনার্জি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2021 সালে নিউ ইয়র্কের ক্লিন এনার্জি সেক্টরে 165,000 টিরও বেশি চাকরিকে সহায়তা করছে, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর উইন্ড বিকাশের প্রতিশ্রুতি। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে,

এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষ্যের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418